## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)
**নারায়ণগঞ্জ শাখা।**

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃ শরীফুল ইসলাম (সবুজ), ব্যবস্থাপনা পরিচালক; পিতাঃ আব্দুস সাত্তার; বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ হোল্ডিং- ১৫২/খ, শ্যামলী রোড-০২, ওয়ার্ড নং-২৮, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭, হিসাবের নামঃ এন. আর. এস নীট ওয়্যার লিমিটেড, ব্যবসায়িক ঠিকানা- প্লট -বি ২১৮-২২১, ২২৫, ২২৬, বিসিক আই/এ, এনায়েতনগর, ফতুল্লা, নারায়ণগঞ্জ। কর্তৃক ইউসিবি, নারায়ণগঞ্জ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.০১.২০২৬ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২৫,৭৬,০৮,৫৭৭.৩৮টাকা (পঁচিশ কোটি ছিয়াত্তর লক্ষ আট হাজার পাঁচশত সাতাত্তর টাকা আটত্রিশ পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তির তফসিল-১

জেলা- ঢাকা, থানা ও সাব রেজিষ্ট্রি অফিস- আশুলিয়া, সাভার, মৌজা- টেংগুরি জে. এল নং- সি.এস-৫২৩, এস.এ-৫২৩, আর.এস-৩৮ খতিয়ান নং- সি.এস-৩৮, ১, এস.এ-৫৩, ৯, আর.এস-২৬, ২৭, মিউটেশন খতিয়ান নং-২৫৮, প্লট নং সি.এস ও এস.এ-৯০, ৮৯ আর.এস-৬৩, ৬১, মোট জায়গা-৪৫ শতাংশ; সাফ কবলা ডিড নং-১৫৩১৩ তারিখঃ ১৫-০৯-২০১১ যাহার চৌহদ্দী- উত্তরে- রাস্তা, দক্ষিণে- আলিম হোসেন, পূর্বে- মনসুর আলী, পশ্চিমে- মাসুদুল ও অনান্য।

### বন্ধকী সম্পত্তির তফসিল-২

জেলা- নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিষ্ট্রি অফিস- ফতুল্লা, মৌজা- মাসদাইর, জে. এল নং- সি.এস-১৯১, এস.এ-৪৫, আর.এস-৩৪ খতিয়ান নং-সি.এস-৯৪, এস.এ-১৮৩, আর.এস-৪৫৬, মিউটেশন খতিয়ান নং-২২১৮, ৩৯৮৯, প্লট নং- সি.এস. ও এস.এ-৩১৩, আর.এস-৫১১ মোট জায়গা-০৯ শতাংশ; সাফ কবলা ডিড নং-১২২৮ তারিখঃ ১৫-০৩-২০০১ যাহার চৌহদ্দী- উত্তরে- ১০ ফিট রাস্তা, দক্ষিণে- হাজী জব্বার খন্দকার, পূর্বে- ২৫ ফিট রাস্তা, পশ্চিমে- বশির রহমান।

### বন্ধকী সম্পত্তির তফসিল-৩

জেলা-সিরাজগঞ্জ, থানা-রায়গঞ্জ ও সাব রেজিষ্ট্রি অফিস- সলঙ্গা, মৌজা- ইসলাদিগার, জে. এল নং- ৭৩ খতিয়ান নং-সি.এস-২৮৬, ৪৮ এস.এ-৬৮, ৩৩৮, আর.এস-১৭৭, ৩৯, দাগ নং- সি.এস. ও এস.এ-২৭৬ ও ২৭৮, আর.এস-২৮৯, ২৮৭ মিউটেশন খতিয়ান নং-৪৪৯, জোত নং-৪৪৮, মোট জায়গা-১৮.৭৫+৬+৬)=৩০.৭৫ শতাংশ; যাহার চৌহদ্দী- উত্তরে-দেবেশ চন্দ্র গং, দক্ষিণে-সরকারী রাস্তা, পূর্বে-দেবেশ চন্দ্র গং, পশ্চিমে-সরকারী খাল।

### বন্ধকী সম্পত্তির তফসিল-৪

জেলা-সিরাজগঞ্জ, থানা-রায়গঞ্জ ও সাব রেজিষ্ট্রি অফিস- সলঙ্গা, মৌজা- ইসলাদিগার, জে. এল নং- ৭৩ খতিয়ান নং-সি.এস-৪৮ এস.এ-৬৮ আর.এস-১৭৭ দাগ নং- সি.এস. ও এস.এ-২৭৬, আর.এস-২৮৯, মিউটেশন খতিয়ান নং-৫৬২, জোত নং- ৫৬২, মোট জায়গা-১৫.০০ শতাংশ; যাহার চৌহদ্দী- উত্তরে-দেবেশ চন্দ্র গং, দক্ষিণে-সরকারী রাস্তা, পূর্বে-দেবেশ চন্দ্র গং, পশ্চিমে-সরকারী খাল।

**বন্ধকী সম্পত্তির তফসিল-৫**

জেলা-সিরাজগঞ্জ, থানা-রায়গঞ্জ ও সাব রেজিষ্ট্রি অফিস- সলঙ্গা, মৌজা- ইসলাদিগার, জে. এল নং- ৭৩ খতিয়ান নং-সি.এস- ১৮৮, ৩৭, ২০, ১১৯, ৮৬ এস.এ- ২৩৫, ৫৭, ২৮, ১৫৪, ১১১ আর.এস-৭২ দাগ নং- সি.এস. ও এস.এ- ২৭০, ২৭১, ২৪৪, ২৭৯, ২৭২, আর.এস- ২৮১, ২৮৩, ২৫০, ২৮৫, ২৮৪ মিউটেশন খতিয়ান নং-৫৩৯, জোত নং-৪১৬ ও ১৩৬ (কমার্শিয়াল), হেবা ডীড নং- ৩৯২৮, তারিখঃ ০৭-০৮-২০১৪ মোট জায়গা-(৩৯+৪৪.৫০+৩১+০৯+১৮৬)= ৩০৯.৫০ শতাংশ; যাহার চৌহদ্দী- উত্তরে- সরকারী রাস্তা, দক্ষিণে- রাস্তা/আবদুল মজিদ, পূর্বে-মোঃ ইসমাঈল, পশ্চিমে-মকবুল গং।

নিলামের শর্তাবলী ঃ-

১। আগামী ০৬/০৪/২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি পিএলসি, নারায়নগঞ্জ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউসিবি, নারায়নগঞ্জ শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্তের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি, নারায়নগঞ্জ শাখা।